

১৮ ফেব্রুয়ারি ২০১৯

হ্যাম রেডিও অপারেটরদের নিয়ে ফিল্ড ডে

দেশের অ্যামেচার রেডিও অপারেটরদের নিয়ে ‘অ্যামেচার রেডিও ফিল্ড ডে-২০১৯’ অনুষ্ঠিত হয়েছে। ৮ ফেব্রুয়ারি গাজীপুরের মৌচাকের ন্যাশনাল স্কাউট ট্রেনিং সেন্টারে এই আয়োজন চলে। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের পৃষ্ঠপোষকতায় ফিল্ড ডের আয়োজন করে অ্যামেচার রেডিও সোসাইটি বাংলাদেশ (এআরএসবি)।

দিনব্যাপী এই অনুষ্ঠানে দেড় শতাধিক অ্যামেচার রেডিও অপারেটরা অংশ নেন। এদের জন্য ছিল নানা আয়োজন।

সকাল সাড়ে এগারোটায় ন্যাশনাল স্কাউট ট্রেনিং সেন্টারে জাতীয় সংগীত গেয়ে পতাকা উত্তোলন করে অনুষ্ঠানের সূচনা হয়। এরপর প্রয়াত হ্যামদের স্মরণে এক মিনিট নিরবতা পালন করা হয়।

নিবন্ধন শেষে এআরএসবির সৌজন্যে সকলকে সুদৃশ্য টি-শার্ট উপহার দেয়া হয়। টি-শার্ট পরে হ্যামরা মাঠে নেমে পড়েন। সেখানে কয়েকটি সেশনের আয়োজন করা হয়েছিল। এর মধ্যে ছিল হ্যাম স্কুল, ডিজাস্টার রেডিও কমিউনিকেশন সিস্টেম প্রদর্শন, হ্যাম রেডিওর বিভিন্ন নিয়ম-কানুন নিয়ে বিফ্রিং, ওয়েদার স্যাটেলাইট থেকে হ্যাম রেডিও দিয়ে ইমেজ রিসিভ এবং এইচএফ স্টেশন স্থাপন করে বিদেশি হ্যামদের সঙ্গে যোগাযোগ স্থাপন। এসব আয়োজনে হ্যামদের অংশগ্রহণ ছিল চোখে পড়ার মতো।

দুপুরে মধ্যাহ্নভোজের পর ছিল মজার আয়োজন। এই পর্বে অংশগ্রহণকারীদের নিয়ে কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। অ্যামেচার রেডিও সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উত্তর দিয়ে আকর্ষণীয় পুরস্কার জিতে নেন হ্যামরা। আর এর মাধ্যমে শেষ হয় ২০১৯ সালের ফিল্ড ডে।

অ্যামেচার রেডিও সোসাইটি বাংলাদেশের যুগ্ম আহ্বায়ক অনুপ কুমার ভৌমিক, ‘এই প্রথম বড় আয়োজনে, অধিক সংখ্যক অ্যামেচার রেডিও অপারেটরদের নিয়ে ফিল্ড ডের আয়োজন করা হলো। এতে অংশগ্রহণকারীরা হাতে কলমে রেডিও সম্পর্কে ধারণা পেয়েছেন।’

